

## 💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কোন গায়র মাহরাম ড্রাইভারের সাথে মহিলার একাকিনী কোথাও যাওয়া বৈধ কি?

না। গাড়ী, রিক্সা বা বাইকে এমন কোন পুরুষের সাথে মহিলার একাকিনী যাওয়া বৈধ নয়, যার সাথে কোনও সময় তার বিবাহ বৈধ।

বৈধ নয় বাস, ট্রেন বা জলজাহাজের কোন সফরে একাকী যাওয়া, এমনকি কোন ইবাদতের সফরেও নয়। মহানবী সেঃ) বলেন, "আল্লাহ ও শেষ দিবসের প্রতি যে নারী ঈমান রাখে, তার মাহরামের সঙ্গ ছাড়া একাকিনী এক দিন এক রাতের দূরত্ব সফর বৈধ নয়।" ৪৯৩ (বুখারী, মুসলিম ৩৩৩১ নং)

তিনি আরও বলেন, "কোন পুরুষ যেন কোন বেগানা নারীর সঙ্গে তার সাথে এগানা পুরুষ ছাড়া অবশ্যই নির্জনতা অবলম্বন না করে। আর মাহরাম ব্যতিরেকে কোন নারী যেন সফর না করে।" এক ব্যক্তি আবেদন করল, 'হে আল্লাহ্র রাসুল! আমার স্ত্রী হজ্জ পালন করতে বের হয়েছে। আর আমি অমুক অমুক যুদ্ধে নাম লিখিয়েছি।' তিনি বলেন, "যাও, তুমি তোমার স্ত্রীর সঙ্গে হজ্জ কর।" ৪৯৪ (বুখারী, মুসলিম ৩৩৩৬ নং)

তিনি আর বলেছেন, "যখনই কোন পুরুষ কোন মহিলার সাথে নির্জনতা অবলম্বন করে, তখনই শয়তান তাদের তৃতীয় সাথী (কোটনা)হয়।" ৪৯৫ (তিরমিয়ী, সহীহ তিরমিয়ী ৯৩৪ নং)

স্থানীয় কোথাও গেলে সঙ্গে যদি অন্য কোন সাবালক ছেলে, পুরুষ বা মহিলা থাকে, তাহলে যাওয়া চলে। কিন্তু সফর হলে সঙ্গে মাহরাম ছাড়া মোটেই যাওয়া বৈধ নয়; যদিও সাথে অন্য মহিলা বা পুরুষ থাকে। ৪৯৬ (ইবনে বায, ইবনে উষাইমীন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=378

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন